

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ
প্লট নং-২৩-২৬, সড়ক নং-৪৬, গুলশান-২, ঢাকা-১২১২
www.dncc.gov.bd


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বরঃ ৪৬.১০.০০০০.০৪৫.৯৯.১৮৮.২১-১৮৬

তারিখঃ ২ ফেব্রুয়ারি, ২০২৩

বিজ্ঞপ্তি

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহের সেবাদানকারী প্রতিষ্ঠান (ভ্যানসার্ভিস) নিবন্ধনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ডিএনসিসির আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহের সেবাদানকারী প্রতিষ্ঠান (ভ্যানসার্ভিস) নিবন্ধনের আবেদনপত্রের মূলকপি ০৭ ফেব্রুয়ারি-২০২৩ হতে ০২ মার্চ-২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপ-প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার দপ্তর (লেভেল ১০, নগর ভবন, গুলশান-২) হতে “মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন” এর অনুকূলে ৫০০০ (পাঁচহাজার) টাকার পে-অর্ডারের (অফেরতযোগ্য) বিনিময়ে সংগ্রহ করা যাবে। সংগ্রহকৃত আবেদনপত্র আগামী ০৫ মার্চ-২০২৩ হতে ১২ মার্চ-২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপ-প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার দপ্তরে জমা গ্রহণ করা হবে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন ওয়ার্ডসমূহ হতে গৃহস্থালী বর্জ্য সংগ্রহের সেবাদানকারী প্রতিষ্ঠান (ভ্যানসার্ভিস) নিবন্ধন সংক্রান্ত টার্মস অব রেফারেন্সের আলোকে (TOR) নিবন্ধনের কার্যক্রম সম্পন্ন হবে। উল্লেখ্য, আগ্রহী প্রতিষ্ঠান ডিএনসিসির ৫৪টি ওয়ার্ডের মধ্যে যেকোন একটি ওয়ার্ডে নিবন্ধনের জন্য আবেদনপত্র দাখিল করতে পারবে। কর্তৃপক্ষ কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।



(মোঃ মফিজুর রহমান ডুইয়া)
উপ-প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা

ও

সভাপতি

আবেদনপত্র বিক্রয় ও জমা গ্রহণকারী কমিটি

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;
২. মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;
৩. অতিরিক্ত প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;
৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;
৫. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন;
৭. জনসংযোগ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (কমপক্ষে ৩টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ);
৮. অফিস কপি।